

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিটি কর্পোরেশন -২ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০২৬.১৩.৪৭৪

তারিখঃ ০১ ভাদ্র ১৪২২
১৬ আগস্ট ২০১৫


বিষয়ঃ গাজীপুর সিটি কর্পোরেশনের কর্তৃক ০৩(তিন)টি ডাবল কেবিন পিক-আপ এবং ০২(দুই)টি পে-লোডার ও ০১(এক)টি চেইন ডোজার গাড়ী ক্রয়ের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ গাজীপুর সিটি কর্পোরেশনের স্মারক জিসিসি/নগর ভবন/প্রকৌঃ/২০১৫/৩০, তারিখ ০৭ জুলাই ২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে গাজীপুর সিটি কর্পোরেশনের কর্তৃক ০৩(তিন)টি ডাবল কেবিন পিক-আপ এবং ০২(দুই)টি পে-লোডার ও ০১(এক)টি চেইন ডোজার গাড়ী ক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদানের অনুরোধ করা হয়েছে। কিন্তু প্রস্তাবিত ০৩(তিন)টি ডাবল কেবিন পিক-আপ কি কাজে ব্যবহৃত হবে, তার তথ্যাদি প্রেরণ করা হয়নি।

০২। এমতাবস্থায়, প্রস্তাবিত ০৩(তিন)টি ডাবল কেবিন পিক-আপ কি কাজে ব্যবহৃত হবে এবং কোন্ কোন্ কর্মকর্তার তত্ত্বাবধানে থাকবে তা অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৩। এছাড়া, সৃষ্ট বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য গাজীপুর সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্তি এবং এবং উন্মুক্ত টেন্ডার প্রক্রিয়ায় প্রক্রিয়া যথাযথ অনুসরণের শর্তে শুধুমাত্র ০২(দুই)টি পে-লোডার ও ০১(এক)টি চেইন ডোজার গাড়ী ক্রয়ের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।


(এ. কে. এম. আনিছুজ্জামান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫১১৬০৩

প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর সিটি কর্পোরেশন
গাজীপুর।

অনুলিপি জ্ঞাতার্থেঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হল।)

০৩। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।